

বাংলা একাডেমি বাঙালি জাতিসত্তা ও বুদ্ধিবৃত্তিক উৎকর্ষের প্রতীক



বাংলা একাডেমি

৩ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা ১০০০

বিজ্ঞপ্তি

অমর একুশে বইমেলা ২০২৪

স্থান : বাংলা একাডেমি প্রাঙ্গণ ও সোহরাওয়ার্দী উদ্যান

অমর একুশে বইমেলা ২০২৪-এ অংশগ্রহণ করতে আগ্রহী প্রকৃত প্রকাশনা প্রতিষ্ঠানকে স্টলের আবেদনপত্র জমা দেওয়ার জন্য অনুরোধ করা হচ্ছে। আবেদনপত্র অনলাইনে www.ba21bookfair.com-এই ওয়েবসাইটে পূরণ করা যাবে। পুরোনো (২০২৩ সালের বইমেলায় অংশগ্রহণকারী) যেসব প্রকাশনা প্রতিষ্ঠান পূর্বের আকারের (১, ২, ৩ ও ৪ ইউনিটের স্টল বা প্যাভিলিয়ন) স্টল পেতে আগ্রহী তারা আবেদনপত্রের সঙ্গে হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, লেখকের সঙ্গে সম্পাদিত সর্বশেষ একটি চুক্তিপত্রের ১ম ও শেষ পাতা, লেখককে প্রদত্ত সম্মানির সাম্প্রতিক প্রমাণক, আর্কাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরে গ্রন্থ জমা প্রদানের রসিদ/প্রত্যয়নপত্র এবং অগ্নি-সাইক্লোন বিমার প্রমাণক আপলোড করবেন। স্টলের ভাড়া ব্যাংকে জমা দিয়ে জমার রসিদ আপলোড করতে হবে এবং ০১ (এক) কপি বিক্রয় বিপণন উপবিভাগে জমা দিতে হবে। স্টলের আকার বৃদ্ধির আবেদন অমর একুশে বইমেলা ২০২৪-এ বিবেচনা করা হবে না।

নতুন আবেদনকারীকে হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, লেখকের সঙ্গে সম্পাদিত সর্বশেষ একটি চুক্তিপত্রের ১ম ও শেষ পাতা, লেখককে প্রদত্ত সম্মানির সাম্প্রতিক প্রমাণক এবং আর্কাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরে গ্রন্থ জমা প্রদানের রসিদ/প্রত্যয়নপত্র অক্টোবর ২০২৩-এর মধ্যে সর্বমোট ১০০টি অথবা বিগত এক বৎসরের মধ্যে কমপক্ষে ২৫টি মানসম্মত এবং সম্পূর্ণ নতুন প্রকাশকদের ক্ষেত্রে বিগত তিন বৎসরে ৩০টি মানসম্মত বই একাডেমিতে জমা দিতে হবে। বইয়ের মান ও অন্যান্য কাগজ/দলিল যাচাই শেষে স্টল বরাদ্দের ব্যাপারে বইমেলা পরিচালনা কমিটি সিদ্ধান্ত গ্রহণ করবে।

অনলাইনে আবেদনপত্র জমা দিতে অপারগ প্রতিষ্ঠানসমূহ একাডেমির ড. মুহম্মদ এনামুল হক ভবনে সরাসরি আবেদনপত্র জমা দিতে পারবে।

অনলাইনে বা সরাসরি আবেদনপত্র, বই (প্রযোজ্য ক্ষেত্রে) ও অন্যান্য কাগজ/দলিল ২৮শে ডিসেম্বর ২০২৩ থেকে ০৮ই জানুয়ারি ২০২৪ (৭ই জানুয়ারি ব্যতীত ছুটির দিনসহ)-এর মধ্যে জমা দেওয়া যাবে। এরপর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না। যেসব প্রতিষ্ঠানের স্টল ভাড়া উপর্যুক্ত সময়ের মধ্যে জমা হবে না সেসব প্রতিষ্ঠানের নাম লটারির তালিকা-বহির্ভূত থাকবে। ভাড়া ও অন্যান্য খাত বাবদ প্রদেয় টাকা আগ্রহী ব্যাংক লিমিটেডের যে কোনো অনলাইন শাখা থেকে আগ্রহী ব্যাংক লিমিটেড, বাংলা একাডেমি শাখার 'বাংলা একাডেমি অমর একুশে গ্রন্থমেলা সঞ্চয়ী হিসাব নম্বর ০২০০০১৪০৪৯২৩১'-এ জমা দিতে হবে। টাকা জমার রসিদে প্রতিষ্ঠানের নাম ও অনলাইন রেজিস্ট্রেশন নম্বর থাকা অপরিহার্য। ব্যাংকে টাকা জমা রসিদের ফটোকপি সদস্য-সচিবের দপ্তরে জমা দিতে হবে।

অংশগ্রহণকারী প্রকাশনা প্রতিষ্ঠানকে 'অমর একুশে বইমেলা ২০২৪'-এর নীতিমালা ও নিয়মাবলি মেনে চলতে হবে। এই নীতিমালা ও নিয়মাবলি ওয়েবসাইট থেকে সংগ্রহ করা যাবে।

(ডা. কে. এম. মুজাহিদুল ইসলাম)

সদস্য-সচিব

অমর একুশে বইমেলা ২০২৪ পরিচালনা কমিটি

বাংলা একাডেমি, ঢাকা ১০০০